# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ সাজসজ্জা ও প্রসাধন

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

পাকা চুল দাড়িতে কি কালো কলপ ব্যবহার করা বৈধ?

পাকা চুল দাড়ি সাদা না রেখে রাঙিয়ে রাখা তাকীদাপ্রাপ্ত সুন্নত। তবে তাতে কালো কলপ ব্যবহার করা বৈধ নয়। জাবের (রাঃ) বলেন, মক্কা বিজয়ের দিনে আবু কুহাফাকে আনা হল। তখন তাঁর চুল দাড়ি ছিল ‘ষাগামা’ ফুলের মত সাফেদ (সাদা)। নবী (সঃ) বললেন, ‘কোন রঙ দিয়ে এই সাফেদিকে বদলে ফেল। আর কালো রঙ থেকে ওকে দূরে রাখ।’ (মুসলিম, মিশকাত ৪৪২৪ নং)

আর সকলের উদ্দেশ্যে সাধারণ নির্দেশ দিয়ে আল্লাহ্‌র রাসূল (সঃ) বলেন, “শেষ যামানায় এমন এক শ্রেণীর লোক হবে; যার পায়রার ছাতির মত কালো কলপ ব্যবহার করবে, তারা জান্নাতের সুগন্ধও পাবে না।” (আবূ দাউদ ৪২১২, নাসাঈ, সহীহুল জামে ৮১৫৩ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=1451

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন